জুলাই/২০২২ মাসে অনুষ্ঠিত কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৩৯তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।
স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম, দৌলতপুর, কুষ্টিয়া ।
তারিখ ঃ ০৫/০৭/২০২২ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি ঃ সভার উপস্থিতি পরিশিষ্ঠ 'ক' -তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আসন গ্রহণ করেন। অতঃপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ১৬/০৬/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	**উপজেলা কৃষি বিভাগ ঃ** ক) সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে বোরো ধান কর্তন চলছে। ধানের ফলন সন্তোষজনক। খরিফ-১ মৌসুমের পাট, মুগ, তিল, আউশ ধানসহ বিভিন্ন ফসল বপন/রোপন কার্যক্রম চলমান। উপজেলায় রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক।	সরকারি প্রনোদনায় কৃষি যন্ত্রপাতি প্রদানের ক্ষেত্রে নীতিমালা অনুসরণপূর্বক সঠিকভাবে বিতরণের বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা ব্যবস্থা গ্রহণ করবেন। সার ডিলাররা মজুদ করে যেন কৃষক হয়রানি না করে সে বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা ব্যবস্থা গ্রহন করবেন।	উপজেলা কৃষি কর্মকর্তা
০২	উপজেলা প্রকৌশলীঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে.২০২১-২০২২ অর্থ বছরের এডিপির কাজ শেষ হয়েছে। কাজের গুনগতমান ভাল। নতুন অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেলে স্কিম গ্রহণ করা যেতে পারে।	২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ পাওয়া গেলে নীতিমালার আলোকে স্কীম গ্রহনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে খুব দ্রুত স্কীম সমূহ চুড়ান্ত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী
০৩	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ ক) সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, জুন/২২ খ্রিঃ মাসে ইপিআই সংক্রান্ত ঃ টিটি(টিকা গর্ভবতী মায়ের জন্য) ৫৬০, টিটি (টিকা সাধারণ মহিলা ২,৪৫৭ ভিটামিন এ (প্রসব পরবর্তী মায়ের জন্য) ১৫৯, বিসিজি-(টিকা) ৮১২, পেন্টা-১ = ১০৬৫, পেন্টা-২= ৯১৯, পেন্টা-৩= ৯৩৭, এম আর টিকা ৭৮৯, এমএসডি/এমআর-২(টিকা) ৯২৭, মাতৃ স্বাস্থ্য ভাউচার স্কীম (ডিএসএফ) সংক্রান্ত ঃ কার্ড বিতরণ ০৭, প্রসব পূর্ব সেবা-১ - ১৯৩, প্রসব পূর্ব সেবা-২- ৯৮, প্রসব পূর্ব সেবা-৩- ৫২, নরমাল ডেলিভারি ২৪,সিজারিয়াল অপারেশন নাই, প্রসবোত্তোর সেবা ৫০, চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কাজ ও বিভিন্ন কর্মসূচী সঠিকভাবে পালনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।প্রতিটি কর্মসূচি যেন ভালভাবে হয় সে বিষয়ে সতর্কথাকার জন্য সভায় সকলে মতদেন।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
০৪	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুন/২২ খ্রিঃ মাসের	প্রতি মাসের তথ্য উপাত্ত সভার পূর্বে উপজেলা পরিষদে প্রেরণের অনুরোধ	উপজেলা পরিবার

	কার্যক্রম নিম্নরূপ ঃ মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ১,১০,৭৪০, খাবার বড়ি গ্রহণ কারীর সংখ্যা ৩৩,৪৭৩,কনডম গ্রহণ করার সংখ্যা ১১,৯৪৬ ইনজেকশন গ্রহণ কারীর সংখ্যা ২০,৯২৪, আই,ইউ,ডি গ্রহণ কারীর সংখ্যা ৪৫৫, ইমপ্ল্যান্ট গ্রহণ কারীর সংখ্যা ১০৫৯, স্থায়ী পদ্ধতির (পুরুষ) সংখ্যা ২১৯ স্থায়ী পদ্ধতির (মহিলা) সংখ্যা ২০,০২৫ মোট গ্রহণ কারীর সংখ্যা ৮৯০১৯ গ্রহণ কারীর হার ৮০.৩৮ %। জুন/২২ খ্রিঃ মাসে ৩০ জনকে স্থায়ী পদ্ধতির সেবা প্রদান করা হয়েছে।	করা হয়। প্রতিটি কর্মসূচি যেন ভালভাবে হয় সে বিষয়ে সতর্কথাকার জন্য সভায় সকলে মতদেন।	পরিকল্পনা অফিসার
০৫	**উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** ঃ ক) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এপ্রিল/২২ মাসের গবাদি প্রাণির টিকা দান ১। রোগ প্রতিরোধ ও চিকিৎসা কার্যাক্রমঃ ক) গবাদি প্রাণির টিকাদান ঃ ১১২৮৮ মাত্রা (তড়কা-৪০০০মাত্রা,ক্ষুরা- ২২৮মাত্রা, পিপিআর-৭০০০ মাত্রা) খ) হাঁসমুরগীর টিকাদান ঃ ৬৮০০০ মাত্রা (রাণীক্ষেত-৬০০০০ মাত্রা, গামবোরো-৫০০০ মাত্রা, ফাউলপক্স-১০০০ মাত্রা, ডাকপ্লেগ-২০০০ মাত্রা, ফাউল কলেরা-০০ মাত্রা) গ) গবাদি প্রাণির চিকিৎসা ঃ ২১১৩ টি(গরু-৭১৯ টি, ছাগল-১৩৪৮টি, ভেড়া/গাড়ল-১১১টি) ঘ) হাঁস-মুরগীর টিকাদান ঃ ১৩৫৮৫ টি(মরগী-১০৩৪১টি, হাঁস-২৩৭২টি, কবুতর-৮৬২টি) ঙ) পোষাপ্রাণীর চিকিৎসা ঃ ০৮টি(কুকুর-২টি, বিড়াল-২টি,ঘুঘু-৪টি) , ২। গবাদি প্রাণির কৃত্রিম প্রজননের সংখ্যা ঃ ১৮৪২ টি, ৩। রাজস্ব আদয় ঃ -ক) টিকাবীজ বিক্রয় বাবদ ঃ ১৯০৮০/= খ) কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৫৫৫৬০/= মোট = ৭৪৬৪০/= ৪। প্রাণিসম্পদ প্রযুক্তি ও আধুনিক ব্যবস্থাপনা সম্প্রসারণে উঠান বৈঠক আয়োজন ঃ ৩টি (অংশগ্রহণকারীর খামারীর সংখ্যা-৪০ জন)	চিলমারী ইউনিয়নের বিভিন্ন বাথান তৈরির জন্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অফিসারের সাথে যোগাযোগ করার জন্য বলা হয়। প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করার জন্য বিষয়ে সকলে মত দেন। অত্র উপজেলায় ব্লাক বেঙ্গল ছাগলের মাংসের সম্ভাবনা ও রপ্তানির বিষয়ে করনীয় নির্ধারনের জন্য পালনকারী খামারুদের সার্বিক সহযোগীতা করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৬	**উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড এর আবেদন জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। অত্র সমাজসেবা অফিসের ভাতা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কাজ গতিশীল, বিদ্যমান কোন সমস্যা থাকলে তা নিরোসনে কর্মপন্থা প্রনয়ণ ও তার সঠিক বাস্তবায়নের মাধ্যমে জনগনের ভোগান্তি দূর করার জন্য বলা হয়। প্রয়োজনে ভাতা সংক্রান্ত বিষয়ে প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানদের সাথে মিটিং করে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হয়। কোন নিরীহ মানুষ যেন হয়রানির শিকার না হয় তা দেখভাল করার জন্য সকলে জোরালো মত ব্যক্ত করেন। ভিক্ষুক পুনঃবাসন কর্মসূচী যথাযথ নীতি মালার অনুসরনে যেন হয় সে বিষয়ে সকলে মতদেন।	উপজেলা সমাজসেবা
০৭	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ** ঃ ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের ১) টি,আর/কাবিখা/কাবিটা ১ম, ২য় ও ৩য় পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। নতুন অর্থ বছরের বরাদ্দ আসলে নীতিমালার আলোকে কাজ করা হবে। ২) বীর মুক্তিযোদ্ধাদের জন্য ২ম পর্যায়ের ৯৪ টি বীর নিবাস নির্মান কাজ চলমান। কাজরে অগ্রগতি ২৫%	আগামী ২০/০৮/২০২২ তারিখের মধ্যে যদি কোন ভূমিহীন ও গৃহহীন ব্যক্তি থাকে তাদের তালিকা আবশ্যিকভাবে প্রেরনের জন্য চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মান কাজ সঠিকভাবে তদারকি ও দ্রুত বাস্তবায়ন করার যথাযথ পদ্ধতি অনুসরণ করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
০৮	**উপজেলা মাধ্যমিক শিক্ষা** ঃ ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়গুলো	বিভিন্ন বিদ্যালয় হতে অভিযোগ উপজেলা নির্বাহী অফিসারের নিকট	উপজেলা মাধ্যমিক

	নিয়মিত ক্লাস চলমান আছে। শিক্ষার্থীদের উপস্থিতি সন্তোষজনক।	আসছে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়।	শিক্ষা অফিসার
০৯	**উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জুন/২০২২ মাসে নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন হয়েছে ১) প্রধান শিক্ষকদের ক্লাস্টার ভিত্তিক অফিসারগণ মোবাইল মাধ্যম ও স্ব-শরীরে সার্বিক বিষয়ে নিয়মিত খোজ খবর নেন। ২) বর্তমানে স্বাস্থ্যবিধি মেনে সম্পূর্ণভাবে সরকারী বিদ্যালয় চলমান আছে। ৩) উপজেলা ইউআরসিতে বিষয়ভিত্তিক (বিজ্ঞান) প্রশিক্ষন কোর্স ০২ ব্যাচ ৩০ জন শিক্ষক করে ৬০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়। ৪) ছাত্র-ছাত্রীদের পরিস্কার পরিচ্ছন্নতা মেনে নিয়মিত পাঠদান কার্যক্রম চলমান রয়েছে।	উপজেলা শিক্ষা অফিসারকে নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়। পরিদর্শনে যদি কোন ব্যর্তায় ধরা পড়ে তবে নিয়ম-নীতি অনুসরন করে ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১০	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ৫০ জন প্রশিক্ষনার্থী নিয়মিত ৩ ঘন্টা প্রশিক্ষন নিচ্ছে। ২৫ জন ভার্মিকম্পোর্টষ্ট ও ২৫ জন ফ্যাশান ডিজাইন ট্রেডে প্রশিক্ষন গ্রহন করছে। ৩ মাস মেয়াদি প্রশিক্ষন এ মাসে শেষ হবে। ১৮৯০ জন উপকারভোগিকে ৩ বছর মেয়াদি মাসিক ৮০০/- টাকা হারে ভাতা পান। জুন/২০২২ মাস পর্যন্ত ভাতা প্রদান করা হয়েছে। মে ২০২২ মাস পর্যন্ত ২৬৭ জন মহিলাকে মোট ২৮২৮১৪০/= টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে এবং ১৪,৯৩,৮৩২/=টাকা আদায় হয়েছে। ভিজিডি কর্মসূচিঃ ১৪৬৭ জন ভিজিডি উপকারভোগিকে ২ বছর মেয়াদে মাসিক ৩০ কেজি হারে চাউল বিনামূল্যে প্রদান করা হয়। জুন/২০২২ মাস পর্যন্ত চাউল প্রদান করা হয়েছে। উপজেলায় ১৪টি শিশু কিশোর ক্লাব আছে। সেখানে শিশুদের বিনোদনের জন্য বিভিন্ন ব্যবস্থা রয়েছে।	প্রশিক্ষণের ক্ষেত্রে প্রার্থী যাচাই-বাছাই যেন স্বচ্ছতার সাথে হয় সে বিষয়ে সতর্ক হওয়ার জন্য বলা হয়। প্রতিটি প্রশিক্ষনের ক্ষেত্রে নিয়ম-কানুন যথাযথভাবে প্রতিপালন হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। এবং প্রশিক্ষন সঠিক নিয়মে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারের প্রতি অনুরোধ করা হয়। নিয়মিত প্রশিক্ষন তদারকি ও মনিটরিং বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা বিষয়ক কর্মকর্তা
১১	**উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। দৌলতপুর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি, ২) মোট দলের সংখ্যা ৭৯ টি, ৩) মোট সমিতি/ দলের সংখ্যা ৪৬৪৪ জন, ৪) মোট শেয়ার জমা ২২,৮৭,০০০, ৫) মোট সঞ্চয় জমা ৭৮,৭১,০০০/-, ৬) ঋণ বিতরণ ৩৭,৪৭,১১,০০০/-, ৭) ঋণ আদায় ৩৫,৭৫,৪৮,০০০/-, ৮) কর্জ আদায় (ক) চলতিঃ ১২৫১০০০০ /= (খ) খেলাপী ঃ ৪৬৫৩০০০/= (গ) কর্জ আদায়ের হার (%) ঃ ৯৫ %" অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্ম সংস্থান প্রকল্প" গ্রহিতার সংখ্যা ঃ ৯৫ জন ঋণ বিতরণ ঃ ৫৯,৮৭,০০০/= ঋণ আদায় ঃ ৩৫,৫৭,০০০, ঋণ চলতি ঃ ৪,৩৬,০০০/= ঋণ খেলাপী ঃ ১৯,৯৪,০০০/= ঋণ আদায়ের হার (%) ঃ ৫৯%।	বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নে সচ্ছতার বিষয়টি গুরুত্ত সহকারে মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা দ্রুত আদায়ের উদ্যোগ গ্রহন করতে হবে। প্রয়োজনে আইনি আশ্রয় নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের আওতায় নলকূপ/পানির উৎসের স্থাপন কাজ চলমান । ২) PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOOCK নির্মান ও নলকূপ স্থাপন কাজ চলমান। ৩) মুজিববর্ষ উপলক্ষে গৃহহীনদের আশ্রায়ন প্রকল্পে	নলকুপ স্থাপন ও ওয়াশব্লকের কাজের গুনগতমান ঠিক রেখে যথাযথ মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। ইতোমধ্যে, নির্দিষ্ট সংখ্যাক টিউবয়েলের চাহিদা প্রেরণ করা হয়েছে। আশ্রায়ণ প্রকল্পে আরো ১১	উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা দৌলতপুর

	নলকূপ স্থাপন কাজ চলমান। ৪। GPs ও NNGPS প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOOCK নির্মাণ কাজ চলমান। ৫। অন্যান্য সেবা মূলক কার্যক্রম চলমান আছে।	টি নলকুপ স্থাপনের বিষয়ে পদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ করা হয়।	
১৩	**উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, " মৎস্য বিভাগ প্রধানতঃ নিরাপদ মৎস্য উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণ এর কাজ করে থাকে। এজন্য যা যা প্রয়োজনীয় বিশেষ করে চাষিদের দক্ষতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান, ঋণ প্রদান, প্রদর্শন খামার বাস্তবায়ন, জলাশয় সংস্কার ইত্যাদি।	মৎস্য সপ্তাহ পালন ইলিশের প্রধান প্রজনন, সংরক্ষণসহ অন্যান্য কর্মসূচি সঠিকভাবে পালনের জন্য সভায় গুরুত্তারোপ করা হয়। তাছাড়া, যথাযথ নিয়ম প্রতিপালন করে যেন উপকার ভোগী নির্নয় করা হয় সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা
১৪	**উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের ২০১৯-২০২০অর্থ বৎসরের রাজস্ব খাতে অডিট ফি বাবদ ১৪২৬১০/-টাকা এবং সিডিএফ বাবদ ৬০৬১০/-টাকা আদায় হয়েছে উক্ত টাকা ট্রেজারী ও ডি ডি মাধ্যমে ব্যাংকে জমা করা হয়েছে। মথুরাপুর ও সোনাইকুন্ডি আশ্রায়ন প্রকল্পের ঋন আদায় কার্যক্রম চলমান আছে। পাকুড়িয়া-০১ ও পাকুড়িয়া-০২ আশ্রায়ন প্রকল্পের সমবায় সমিতি গঠন করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২০-২০২১খ্রিঃ মোট ৮৫ টি সমিতি অডিট বরাদ্ধ হয়েছে চলতি মাস পর্যন্ত ৮৫ টি সমিতি অডিট কার্যাদি সম্পন্ন করা হয়েছে। ১০০ জন সমবায়ীদের ভ্রাম্যামান প্রশিক্ষন দেওয়া হয়েছে। ভ্রাম্যমান প্রশিক্ষন চলমান আছে।	সভায় সকল কার্যক্রমের সমন্বয় যথাযথভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া, যথাযথ নিয়ম/নীতিমালা অনুসরন করে আশ্রায়ণ প্রকল্পে ঋণ বিতরণের জন্য সভায় সকলে ঐকমত্য পোষন করেন।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৫	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, জুন/২০২২ খ্রিঃ মাসে প্রাধান কার্যালয় থেকে প্রাপ্ত ঋণ তহবিল মোট প্রাপ্তি টাকার পরিমান ঃ ২৫৩৮৮০০/= ২) চলমান ঋণ বিতরণ- নাই। ৩) এ বছরে মোট ঋণ বিতরণ ১২,৪০,০০০/= ৪) চলতি মাসে ঋণ আদায় ঃ ২,১৮,৮২০/= ৫) চলতি মাসে ঋন আদায়ের হার ৮৮.০২৫%। ৬) এ মাস পর্যন্ত মোট খেলাপী ঃ ১৬৫০২৬৭/= ৭) এ মাসে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রাপ্ত ঃ ৬০ জন।৮) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট প্রশিক্ষন ঃ ৯০৬৩ জন। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় আলোচনা করেন।	ঋণ বিতরণের ক্ষেত্রে সঠিকভাবে ও প্রকৃত ঋণ প্রাপ্ত ব্যক্তি যেন ভালভাবে ঋণ কাজে লাগাতে পারে সে বিষয়টি দেখার জন্য বলা হয়। যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান /গ্রুপ/দলের নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা আদায়ের দ্রুত উদ্যোগ গ্রহন করতে হবে।	
১৬	উপজেলা বন কর্মকর্তা বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ১) দৌলতপুর উপজেলার অন্তর্গত চিলমারী ইউনিয়নের বাহিরমাদি মৌজায় ৩৪.১৪ একর খাস জমিতে পাখির অভায়ারন্য ঘোষনার জন্য মন্ত্রনালয়ের নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে সকলের সহযোগীতা প্রয়োজন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।	অবৈধভাবে গাছ কাটার হলে যথাযথ মনিটরিং ও প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। আশ্রায়ণ প্রকল্পে ফলজ,বনজ ও ঔষধি গাছ রোপনের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা
১৮	**উপজেলা নির্বাহী অফিসার ঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির কার্যক্রম আবশ্যিকভাবে শুরু এবং আগষ্ট/২০২২ এর মধ্যে স্কীম গ্রহন ও চুড়ান্ত অনুমোদনের জন্য সভায় আলোচনা করেন।	২০২২-২০২৩ অর্থ বছরের স্কীম দ্রুত চুড়ান্ত করনের জন্য জন্য সকল সদস্যদের অনুরোধ করেন।	উপজেলা নির্বাহী অফিসার
১৯	ক) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ঃ ক) সভায় চেয়াম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, খ) তিনি জানান যে, তাঁর জুন/২০২২ মাসের দৈনিক ভাতার বিল প্রস্তুত করা হয়েছে এবং আগষ্ট/২০২২ মাসের ভ্রমন সূচি অনুমোদনের জন্য	ক) সভায়, জুন/২০২২ মাসের দৈনিক ভাতা চেয়ারম্যান ১০,৬২৫/=(দশ হাজার ছয়শত পঁচিশ) টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ৫৫০০/= টাকা হারে	উপজেলা নির্বাহী অফিসার

	সভায় উপস্থাপন করেন।	উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত হয় এবং আগষ্ট/২০২২ মাসের ভ্রমন সূচি গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
২০	চেয়ারম্যান উপজেলা পরিষদ সভার প্রথমে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বংঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ তাঁর পরিবারের সকল শহীদ সদস্যদের প্রতি মাগফিরাত কামনা করেন। তিনি জানান যে, আগামী মাস শোকের মাস। জাতীয় শোক দিবস যথাযথভাবে পালনের জন্য সভায় আলোচনা হয়।	আলোচনান্তে, সরকারী বরাদ্দের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে যথাযোগ্য মর্যাদায় সরকারী জাতীয় শোক দিবসসহ সকল সরকারী অনুষ্ঠান পালনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
২১	জুন/২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে নিম্নবর্নিত বিষয়ে অর্থ ব্যয় করা হয়েছে । ক) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী 8০,০০০/= খ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী (দুইজন) ৫8,০০০/= গ) উপজেলা চেয়ারম্যান এর ভ্রমন বিল ১০,৬২৫/= ঘ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বিল ১৩,০০০/= ঙ) উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপার এর দৈনিক মজুরী ০২(দুই) ২২,০০০/= চ) উপজেলা পরিষদের আনুষঙ্গিক বিল ৫,০০০/= ছ) উপজেলা পরিষদের বিভিন্ন মিটিং এর আপ্যায়ন বিল ৩০,০০০/=	বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ব্যয়োত্তর টাকা অনুমোদনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নং- ০০.০০.৫০৩৯.০৩৯.8০.০০১.২২- ৩৬

২৮ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ ঃ ------------------------
১২জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৭৫, কুষ্টিয়া-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
8। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৬। উপজেলা-------------------------- অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৭। চেয়ারম্যান -----------------------------ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া।
৮। অফিস কপি।

১২/০৭/২০২২

(মোঃ আব্দুল জব্বার)
পরিচিতি নং -২০৬১৯
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।